গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

স্মারক নং : মাউশি/লেইস/০২-২০৩/NASS Workshop/২০২৬/৯১৬ তারিখ : ৩০ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
১৩ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয় : লেইস প্রকল্পের আওতায় ২০২৫ সালের National Assessment of Secondary Students (NASS) পরিচালনার লক্ষ্যে প্রস্তুতকৃত আইটেমসমূহের (প্রশ্নপত্র) শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে আগামী ১৬ এপ্রিল ২০২৬ তারিখে পাইলটিং টেস্ট আয়োজন।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট, বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় অক্টোবর ২০২৩ থেকে সেপ্টেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। এই প্রজেক্টের মূল লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে: ১. মাধ্যমিক শিক্ষায় শিক্ষার্থী ধরে রাখার হার (rate of retention) বৃদ্ধি এবং শিখন ত্বরান্বিতকরণ (learning acceleration); ২. মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের দক্ষতা উন্নয়ন; এবং ৩. মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা (secondary systems) ও সহনক্ষমতা (resilience) উন্নয়ন।

২। লেইস প্রকল্পের মোট পাঁচ বছর মেয়াদকালে ২ বার (২০২৫ ও ২০২৭) ষষ্ঠ, অষ্টম এবং দশম শ্রেণির বাংলা, গণিত ও ইংরেজি বিষয়ে জাতীয়ভাবে প্রতিনিধিত্বকারী নমুনার উপর National Assessment of Secondary Students (NASS) পরিচালনা করা হবে। NASS এর প্রধান উদ্দেশ্য হলো মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রধান বিষয়গুলোতে (বাংলা, গণিত ও ইংরেজি) শিখনফল পরিমাপ করা এবং শিক্ষাব্যবস্থার সবলতা ও দুর্বলতার দিকগুলো চিহ্নিত করা। বিশ্বব্যাংকের সাথে ঋণচুক্তির শর্তানুসারে ২০২৫ সালে বাধ্যতামূলকভাবে NASS পরিচালনা করতে হবে। বর্ণিত কর্মসূচি বাস্তবায়ন সাপেক্ষে বিশ্বব্যাংক বাংলাদেশ সরকারের কোষাগারে ৯ (নয়) মিলিয়ন মার্কিন ডলার ছাড় করবে।

৩। NASS পরিচালনার মাধ্যমে মাধ্যমিক পর্যায়ের জাতীয় পাঠ্যক্রমের সঙ্গে শিক্ষার্থীদের বাস্তব শিখন অর্জন পরিমাপের নিমিত্ত Item (প্রশ্নপত্র) প্রস্তুত করা হয়েছে। বর্ণিত আইটেমসমূহের সঠিকতা ও কার্যকারিতা যাচাইয়ের লক্ষ্যে পাইলটিং পরিচালনা করা হচ্ছে। পাইলটিং কর্মসূচির আওতায় প্রস্তুতকৃত আইটেমসমূহ দ্বারা নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের **৬ষ্ঠ, ৮ম ও ১০ম শ্রেণির [যেসব শিক্ষার্থী বর্তমানে ৭ম ও ৯ম শ্রেণিতে অধ্যয়নরত এবং এসএসসি/দাখিল পরক্ষার্থী] বাংলা, গণিত ও ইংরেজি বিষয়ের শিক্ষার্থীদের মধ্যে আগামী ১৬ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখে পরীক্ষা গ্রহণ করা হবে।** এলক্ষ্যে, ৩০টি উপজেলা/থানা থেকে ৩০টি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করা হয়েছে। পরীক্ষা আয়োজনের জন্য নিম্নবর্ণিতভাবে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ৫ সদস্য বিশিষ্ট পরীক্ষা আয়োজন কমিটি গঠন করা হয়েছে:

ক) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার- আহ্বায়ক;
খ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত প্রতিনিধি- সদস্য;
গ) জেলা শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত প্রতিনিধি- সদস্য;
ঘ) উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার- সদস্য;
ঙ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান - সদস্য সচিব।

৪। NASS পরিচালনার লক্ষ্যে প্রস্তুতকৃত আইটেমসমূহ দ্বারা নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পরীক্ষা গ্রহণের জন্য নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হবে:

i. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ, ৮ম ও ১০ম [যেসব শিক্ষার্থী বর্তমানে ৭ম ও ৯ম শ্রেণিতে অধ্যয়নরত এবং এসএসসি/দাখিল পরক্ষার্থী] শ্রেণির বাংলা, গণিত ও ইংরেজি বিষয়ের জন্য প্রস্তুতকৃত প্রশ্নপত্রের উপর পরীক্ষা গ্রহণ করা হবে।

ii. পরীক্ষার সময়কাল ৩.৩০ ঘণ্টা (বাংলা: ১.১০ ঘণ্টা, গণিত: ১.১০ ঘণ্টা ও ইংরেজি: ১.১০ ঘণ্টা)। পরীক্ষার সিডিউল নিম্নরূপ:

| **বিষয়** | **সময়** |
|---|---|
| **বাংলা** | **সকাল ৯.৩০-১০.৪০ টা** |
| বিরতি | সকাল ১০.৪০-১১.০০ টা |
| **ইংরেজি** | **সকাল ১১.০০-১২.১০ টা** |
| বিরতি | দুপুর ১২.১০-১২.৩০ টা |
| **গণিত** | **দুপুর ১২.৩০-০১.৪০ টা** |

iii. প্রতি শ্রেণির (৬ষ্ঠ, ৮ম ও ১০ম) মোট শিক্ষার্থী থেকে ৩০ জন করে পরিক্ষার্থী নির্বাচন করা হবে। ৩টি শ্রেণিতে মোট শিক্ষার্থী হবে ৯০ জন। ৩টি শ্রেণিকক্ষে পরীক্ষা গ্রহণ করা হবে। একজন পরীক্ষার্থী ৩টি বিষয়েরই পরীক্ষা প্রদান করবে।

iv. পরীক্ষার্থী নির্বাচনে একটি শ্রেণির মোট শিক্ষার্থীকে ৩০ দিয়ে ভাগ করে ভাগফল অনুযায়ী নির্ধারিত বিরতির পরপর পরীক্ষার্থী নির্বাচন করা হবে। যেমন: ৬ষ্ঠ শ্রেণিতে ৫০ জন শিক্ষার্থী থাকলে ৫০কে ৩০ দিয়ে ভাগ করে ভাগফল হবে ১.৬৬। এমতাবস্থায়, পরীক্ষার্থী নির্বাচন করা হবে ১, ৩, ৫, ৭...... রোল নং অনুসারে। ১ম আবর্তনে ৩০ জন শিক্ষার্থী পূরণ না হলে পুনরায় ২, ৪, ৬, ৮...... রোল নং অনুসারে ৩০ জন পরীক্ষার্থী পূরণ করতে হবে।

v. ১০ম শ্রেণির পরীক্ষার্থী নির্বাচনের ক্ষেত্রে সকল বিভাগের শিক্ষার্থী নিশ্চিত করতে হবে।

vi. পরীক্ষা আয়োজন কমিটি পরীক্ষার তারিখের পূর্বেই পরীক্ষার্থী নির্বাচন ও তাদের উপস্থিতি নিশ্চিত করবে।

vii. প্রতিটি শ্রেণির পরীক্ষায় প্রত্যবেক্ষকের দায়িত্ব পালনের জন্য ২ জন করে ৩টি শ্রেণির জন্য মোট ৬ জন শিক্ষক মনোনয়ন করতে হবে।

viii. পরীক্ষার আগেরদিন পরীক্ষা আয়োজন কমিটি ও প্রত্যবেক্ষকগণ পরীক্ষাকেন্দ্রে একদিনের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ গ্রহণ করবেন।

ix. পরীক্ষা আয়োজন কমিটি পরীক্ষার আগের দিন পরীক্ষার প্রশ্নপত্র, খাতা, অন্যান্য সামগ্রী সংগ্রহসহ সকল আয়োজন সম্পন্ন করবে।

x. নির্ধারিত দিনে (১৬.০৪.২০২৬) পরীক্ষা আয়োজন কমিটি পরীক্ষা আয়োজন করবে।

xi. কমিটি পরীক্ষা গ্রহণ শেষে উত্তরপত্র সংগ্রহপূর্বক তা সীলগালা করে লেইস প্রকল্প কার্যালয়ে নিরাপদে প্রেরণের ব্যবস্থা করবে।

৫। এ পরিপ্রেক্ষিতে, লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট এর আওতায় ২০২৫ সালের National Assessment of Secondary Students (NASS) পরিচালনার লক্ষ্যে প্রস্তুতকৃত আইটেমসমূহের (প্রশ্নপত্র) শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে আগামী ১৬ এপ্রিল ২০২৬ তারিখে পাইলটিং টেস্ট আয়োজনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

13/4/26

(প্রফেসর বি. এম. আব্দুল হান্নান)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব..........................................................., খ) সদস্য [মাউশি অধিদপ্তর কর্তৃক মনোনীত প্রতিনিধি], পরীক্ষা আয়োজন কমিটি [সংশ্লিষ্ট কর্মকর্তাগণ স্ব স্ব দপ্তর থেকে ভ্রমণভাতা প্রাপ্য হবেন।];

২. জেলা শিক্ষা কর্মকর্তা, ঢাকা, চট্টগ্রাম, রাঙ্গামাটি, বান্দরবান, সুনামগঞ্জ, হবিগঞ্জ, বরিশাল, সাতক্ষীরা, নওগাঁ, চাপাইনবাবগঞ্জ, জামালপুর, ময়মনসিংহ, নেত্রকোণা, কুড়িগ্রাম, গাইবান্ধা, বাগেরহাট ও যশোর জেলা।

| ক্রম. | জেলা | উপজেলা/থানা | ফোন নম্বর |
|---|---|---|---|
| i. | ঢাকা | মতিঝিল | ০১৭১৯০৪০৬৬৬ |
| ii. | ঢাকা | রমনা | ০১৬৮০০৬৫৮৯১ |
| iii. | ঢাকা | গুলশান | ০১৯১১-৬৪৬৫৬৪ |
| iv. | ঢাকা | মোহাম্মদপুর | ০১৯২৪৯১১৪৯৮ |
| v. | চট্টগ্রাম | সীতাকুন্ডু | ০১৭৩৮-২৪৭১৪৯ |
| vi. | চট্টগ্রাম | আনোয়ারা | ০১৭১৭২৬২৯৭৭, ০১৫৫৮৫৯১০৪৮ |
| vii. | রাঙ্গামাটি | সদর | ০১৮১৪৮৮৪৩১৪ |
| viii. | রাঙ্গামাটি | সদর | ০১৮১৪৮৮৪৩১৪ |
| ix. | বান্দরবন | সদর | ০১৭১৩৩৫৫৪৪১, ০১৭১২২০৬৪৭৫ |
| x. | সুনামগঞ্জ | সদর | ০১৯১২-১০৫৪৪১ |
| xi. | হবিগঞ্জ | সদর | ০১৭০৭৩১০৫৮৯, ০১৭১২-২১৮৪৪১ |
| xii. | হবিগঞ্জ | সদর | ০১৭০৭৩১০৫৮৯, ০১৭১২-২১৮৪৪১ |
| xiii. | বরিশাল | সদর | ০১৭১৫৬০৭০৯৮ |
| xiv. | বরিশাল | হিজলা | ০১৭১২-৭২০১৯৬ |
| xv. | বরিশাল | মুলাদি | ০১৭১০৯৬৫২৩৫ |
| xvi. | বরিশাল | মুলাদি | ০১৭১০৯৬৫২৩৫ |
| xvii. | সাতক্ষীরা | কালীগঞ্জ | ০১৯১০৮৮৩২৩২ |
| xviii. | নওগাঁ | সদর | ০১৭১২০৬২৭১৬, ০১৭০৮৫৭৩৮০০ |
| xix. | নওগাঁ | সদর | ০১৭১২০৬২৭১৬, ০১৭০৮৫৭৩৮০০ |
| xx. | চাপাই | শিবগঞ্জ | +৮৮০১৭১৮৬২৭৯২৯ |
| xxi. | জামালপুর | মেলান্দাহ | ০১৮১৬৯৩৭০৫৯ |
| xxii. | ময়মনসিংহ | সদর | ০১৭২৬-১৪২৯৯৯ |
| xxiii. | নেত্রকোণা | মোহনগঞ্জ | ০১৭১৬০৩৬৫৭৭ |
| xxiv. | কুড়িগ্রাম | সদর | ০১৭১২৬৩৭০৪৪ |
| xxv. | কুড়িগ্রাম | চিলমারি | ০১৭১২৬৩৭০৪৪ |
| xxvi. | গাইবান্ধা | সুন্দরগঞ্জ | ০১৭১২২৩৬৬১৭ |
| xxvii. | বাগেরহাট | সদর | ০১৯১২৯৪০৬৮৮ |
| xxviii. | বাগেরহাট | মোরেলগঞ্জ | ০১৯১২৯৪০৬৮৮ |
| xxix. | যশোর | শার্শা | ০১৭১১৯৪৪৬০৪ |
| xxx. | যশোর | চৌগাছা | ০১৭৯৪৭৬০৭৬২ |

৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,...............

| ক্রম. | জেলা | উপজেলা/থানা | EIIN | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|
| i. | ঢাকা | মতিঝিল | ১০৮২৬৯ | শাহজাহানপুর রেলওয়ে সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা | ০১৮২৭১৯৫৬৬৯ |
| ii. | ঢাকা | রমনা | ১০৮৩৪২ | সিদ্ধেশ্বরী বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা | ০১৭৫৫৫৬৯৭৬৬ |
| iii. | ঢাকা | গুলশান | ১০৮০১৮ | বনানী মডেল স্কুল, ঢাকা | ০১৭১৪২৪৪৬৩৮ |
| iv. | ঢাকা | মোহাম্মদপুর | ১৩২১০৭ | মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা | ০১৭১২০২৫৪০৮ |
| v. | চট্টগ্রাম | সীতাকুন্ডু | ১০৫০৯৯ | সীতাকুন্ড কামিল মাদ্রাসা | ০১৩০৯১০৫০৯৬ |
| vi. | চট্টগ্রাম | আনোয়ারা | ১০৪০০৫ | বটতলী এস. এম. আউলিয়া উচ্চ বিদ্যালয় | ০১৩০৯১০৪০০৫ |
| vii. | রাঙ্গামাটি | সদর | ১০৭৭৯৪ | রাণী দয়াময়ী উচ্চ বিদ্যালয় | ০১৫৫৬৫৩৪৩০০ |
| viii. | রাঙ্গামাটি | সদর | ১০৭৭৯৫ | রাঙ্গামাটি সরকারি উচ্চ বিদ্যালয় | ০১৮১৪৮৮৪৩১৪ |
| ix. | বান্দরবন | সদর | ১৩১১১৬ | গোয়ালিয়াখোলা এস ই এস ডি পি মডেল উচ্চ বিদ্যালয় | ০১৮৩৫১০১০০০ |

| ক্রম. | জেলা | উপজেলা/থানা | EIIN | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|
| x. | সুনামগঞ্জ | সদর | ১৩০০১৫ | শান্তিগঞ্জ মডেল উচ্চ বিদ্যালয় | ০১৭১৬৯৬৫০৫০ |
| xi. | হবিগগঞ্জ | সদর | ১২৯৪১৯ | হবিগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ | ০১৭১৪৬২৭৬৫৫ |
| xii. | হবিগগঞ্জ | সদর | ১২৯৪১৭ | হবিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ | ০১৭১৬৮৭০৮৯৪ |
| xiii. | বরিশাল | সদর | ১০০৮৩৪ | বাঘিয়া আল আমিন কামিল মাদ্রাসা | ০১৭১৬৬৫৭১০৪ |
| xiv. | বরিশাল | হিজলা | ১০০৭০৯ | মেমানিয়া মাধ্যমিক বিদ্যালয় | ০১৭১৪৬৫৪৬৪৬ |
| xv. | বরিশাল | মুলাদি | ১০০৯৫৫ | কাজিরচর মাধ্যমিক বিদ্যালয় | ০১৭১৯৬৬০১০০ |
| xvi. | বরিশাল | মুলাদি | ১০০৯৯৩ | ইসলামাবাদ নেছারিয়া ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা | ০১৭১৪৬৬৬৯৬১ |
| xvii. | সাতক্ষীরা | কালীগঞ্জ | ১১৮৭৪৭ | সুরত আলী বহমূখী মাধ্যমিক বিদ্যালয় | ০১৯১৪৮৫১৭৮৮ |
| xviii. | নওগাঁ | সদর | ১২৩৪১৩ | নওগাঁ জিলা স্কুল, নওগাঁ | ০১৩০৯১২৩৪১৩ |
| xix. | নওগাঁ | সদর | ১২৩৪৬৯ | গোবিন্দপুর ক্ষুদিপীর দাখিল মাদরাসা | ০১৭১৫৬৩৭৩৪১ |
| xx. | চাপাই নবাবগঞ্জ | শিবগঞ্জ | ১২৪৬১৪ | শিবগঞ্জ সরকারি মডেল হাইস্কুল | ০১৩০৯১২৪৬১৪ |
| xxi. | জামালপুর | মেলান্দাহ | ১১০০৯০ | মেলান্দহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | ০১৭৩৮৭৪৯৮০৩ |
| xxii. | ময়মনসিংহ | সদর | ১১১৮২৯ | ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ | ০০১৭১৫৩১৭৩২৭ |
| xxiii. | নেত্রকোণা | মোহনগঞ্জ | ১১৩১০৮ | মোহনগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় | ০১৭১২৪৭৭৩৬৪ |
| xxiv. | কুড়িগ্রাম | চিলমারি | ১২২১৫৪ | থানাহাট এ,ইউ, পাইলট সরকারি উচ্চ বিদ্যালয় | ০১৭১৩৭৬৫৫৬৮ |
| xxv. | কুড়িগ্রাম | সদর | ১২২২৯৯ | ইসলামপুর এম,ইউ বহমূখী ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা | ০১৭১২১০১২০৪ |
| xxvi. | গাইবান্ধা | সুন্দরগঞ্জ | ১২১৬২৪ | আমিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | ০১৩০৯১২১৬২৪ |
| xxvii. | বাগেরহাট | সদর | ১১৪৮০৬ | ষাটগুম্বুজ বায়তুশ শরফ আদর্শ আলিম মাদরাসা | ০১৭১৯৫০৩৩৭৯ |
| xxviii. | বাগেরহাট | মোরেলগঞ্জ | ১১৫০৩৫ | মোরেলগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | ০১৩০৯১১৫০৩৫ |
| xxix. | যশোর | শার্শা | ১১৬৩২২ | বুরুজবাগান উচ্চ বালিকা বিদ্যালয়, শার্শা, যশোর | ০১৮১৮২৮১৮০০ |
| xxx. | যশোর | চৌগাছা | ১১৫৫৮৬ | সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়, ধূলিয়ানী | ০১৩০৯১১৫৫৮৬ |

স্মারক নং : মাউশি/লেইস/০২-২০৩/NASS Workshop/২০২৬/৯৯৬ তারিখ : ২৬ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
৩০ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি কার্যার্থে:

১. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
৩. প্রকল্প/প্রোগ্রাম পরিচালক,..........................................................;
৪. উপপরিচালক, মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ; ঢাকা [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ];
৬. ফোকাল পার্সন, জেলা শিক্ষা অফিস, সকল জেলা;
৭. উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা, সকল জেলা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
৩. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ;
৪. জেলা প্রশাসক, সকল জেলা;
৫. পিএস টু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৬. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ; ঢাকা
৭. সংরক্ষণ নথি।

২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
৩. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ;
৪. জেলা প্রশাসক, সকল জেলা;
৫. পিএস টু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৬. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ; ঢাকা
৭. সংরক্ষণ নথি।

১৩/৪/২০২৫

(প্রফেসর মোঃ আসাদুজ্জামান)
প্রকল্প পরিচালক (অ. দা.)
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট